গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জনপ্রশাসন মন্ত্রণালয় এর অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মোঃ মোজাম্মেল হক খান সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
তারিখ	:	০৪.০১.২০১৭ খ্রি.
সময়	:	বেলা ১১:০০ টা
স্থান	:	জনপ্রশাসন মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করেন। শুরুতেই জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা জনাব মাহবুবুর রহমান এবং গাড়িচালক জনাব সাইফুর রহমানের অকাল মৃত্যুতে তাঁদের আত্মার মাগফেরাত কামনা এবং তাঁদের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়। সভাপতি মৃত কর্মচারীদের পরিবারের সদস্যদেরকে চাকরি বিধি অনুযায়ী প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন। অতঃপর নিম্নবর্ণিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.০	**গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ** গত ১৯.০৪.২০১৬ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে জানান কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে।	১৯.০৪.২০১৬ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	অতিরিক্ত সচিব (প্রশাসন)

২.০ গত ১৯.০৪.২০১৬ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	**শাখা/অধিশাখা পরিদর্শন** সভা অবহিত হয় যে, সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী শাখা/অধিশাখা পরিদর্শন অব্যাহত আছে। ২০১৬ সালের এপ্রিল থেকে ২০১৭ সালের জানুয়ারি মাস পর্যন্ত ১জন অতিরিক্ত সচিব, ৬জন যুগ্মসচিব, ৩২জন উপসচিব, ৩৪জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ও অন্যান্য কর্মকর্তাগণ ৭৩টি শাখা/অধিশাখা পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশ পর্যালোচনা করে সভাপতি, শূন্য পদে জনবল পদায়ন, অকেজো মালামাল বিক্রয়, গার্ড ফাইল হালনাগাদকরণ, সঠিকভাবে ডিজিটাল নম্বর প্রদান, সর্বক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিতকরণ, গোপনীয়তা রক্ষা, নথিপত্র নষ্টকারী প্রাণি নিধন, প্রয়োজনীয় আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী সরবরাহ এবং পরিদর্শনের হার আরও বৃদ্ধি করার জন্য সকল কর্মকতাকে নির্দেশনা প্রদান করেন।	ক. সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী সকল স্তরের কর্মকর্তাদের শাখা/অধিশাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে এবং পরিদর্শন সংখ্যা বৃদ্ধি করতে হবে। খ. পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের আলোকে শূন্য পদে জনবল পদায়ন, অকেজো মালামাল বিক্রয়, গার্ড ফাইল হালনাগাদকরণ, সঠিকভাবে ডিজিটাল নম্বর প্রদান, সর্বক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিতকরণ, নথিপত্র নষ্টকারী প্রাণি নিধন, আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী সরবরাহ এবং প্রয়োজনীয় মেরামত/সংস্কার কাজ সম্পন্ন করতে হবে।	সকল কর্মকর্তা অতিরিক্ত সচিব (প্রশাসন)

২.২	**কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন** সভা অবহিত হয় যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক ৩৪তম বি.সি.এস. পরীক্ষার মাধ্যমে সুপারিশকৃত ২১৭৫ জন প্রার্থীর মধ্যে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতিবেদন সংগ্রহ করে এ পর্যন্ত ২১১৩ জনকে বিভিন্ন ক্যাডারে নিয়োগ প্রদান করা হয়েছে। অবশিষ্ট প্রার্থীদের প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে নিয়োগ কার্যক্রম শেষ করা হবে। ইতোমধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক ৩৫তম বি.সি.এস. পরীক্ষার মাধ্যমে সুপারিশকৃত ২১৫৬ জনকে নিয়োগের জন্য স্পেশাল ব্রাঞ্চ, জেলা প্রশাসক এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে তথ্য চাওয়া হয়েছে। খ. অতিরিক্ত সচিব (পি.এ.সি.সি.) জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে ই-ফাইলিং বিষয়ে Third Generation Software (ই-নথি) সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ব্যাপারে কারিগরি সহায়তা প্রদান করার জন্য অনুবিভাগ ভিত্তিক কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। ইতোমধ্যে সীমিত আকারে ই-নথি কার্যক্রম শুরু করা হয়েছে। সভাপতি পর্যায়ক্রমে সকল শাখা/অধিশাখায় ই-নথি উপস্থাপন কার্যক্রম চালু এবং দু'মাস অন্তর অন্তর এস.এস.বি'র সভা অনুষ্ঠানের লক্ষ্যে কর্মকর্তাদের সকল তথ্য হালনাগাদ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।	ক. স্পেশাল ব্রাঞ্চ, জেলা প্রশাসক এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে দ্রুত তথ্য সংগ্রহ করে ৩৪তম এবং ৩৫তম বি.সি.এস.-এ সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। খ. পর্যায়ক্রমে সকল শাখা/অধিশাখায় ই-নথি উপস্থাপন কার্যক্রম চালু করতে হবে। দু'মাস অন্তর অন্তর এস.এস.বি'র সভা অনুষ্ঠানের লক্ষ্যে কর্মকর্তাদের তথ্য হালনাগাদ রাখতে হবে।	অতিরিক্ত সচিব (এ.পি.ডি.) সকল কর্মকর্তা
২.৩	**নথির শ্রেণি বিন্যাস** অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত বিভিন্ন শাখা/অধিশাখায় ৪২২৮০টি নথি ক,খ,গ,ঘ শ্রেণিতে শ্রেণি বিন্যাস করা হয়েছে এবং অবশিষ্ট নথি শ্রেণি বিন্যাসের কার্যক্রম চলমান আছে। তিনি নথি শ্রেণি বিন্যাস কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেছেন। সভাপতি সচিবালয় নির্দেশমালা,২০১৪ অনুযায়ী নথি শ্রেণি বিন্যাস কার্যক্রম অব্যাহত রাখা, বিনষ্টযোগ্য নথি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ এবং এ কার্যক্রম সংশ্লিষ্ট যুগ্মসচিবকে তদারকির জন্য নির্দেশনা প্রদান করেন।	সকল শাখা-অধিশাখার নথি শ্রেণি বিন্যাস কার্যক্রম অব্যাহত রাখতে হবে, বিনষ্টযোগ্য নথি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ এবং সংশ্লিষ্ট যুগ্মসচিবগণ নথি শ্রেণি বিন্যাস কার্যক্রম নিয়মিত তদারকি করবেন।	শাখা/অধিশাখা প্রধান (সকল) যুগ্মসচিব (সকল)
২.৪	**অনিষ্পন্ন বিষয়** ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত বিভিন্ন শাখা/অধিশাখায় ১ মাস পর্যন্ত ৪২টি, ১-৩ মাস পর্যন্ত ২৩টি, ৩-৬ মাস পর্যন্ত ১১টি এবং ৬ মাসের উর্ধ্বে ৪২টিসহ মোট ১১৮টি বিষয় অনিষ্পন্ন রয়েছে। সভায় সকল শাখা/অধিশাখার অনিষ্পন্ন বিষয়াদি পর্যালোচনা করা হয়। সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে জানানো হয়, ১ বছরের উর্ধ্বে ১২টি পেনশন কেইস বিভাগীয় মামলা/দুর্নীতি/ফৌজদারী মামলা চলমান থাকায় নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। তিনি এ ১২টি পেনশন কেইসের মধ্যে যাঁরা ইতোমধ্যে মৃত্যু বরণ করেছেন, জরুরি ভিত্তিতে তাঁদের কেইসসমূহ নিষ্পত্তি এবং অন্যান্য অনিষ্পন্ন বিষয়াদি দ্রুত নিষ্পত্তির নির্দেশ প্রদান করেন।	ক. সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ. অনিষ্পন্ন পেনশন কেইসসমূহের মধ্যে যাঁরা মৃত্যু বরণ করেছেন তাঁদের পেনশন কেইসসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।	সকল কর্মকর্তা যুগ্মসচিব (বা:ব্য:)

২.৫	**শূন্য পদে জনবল নিয়োগ** **ক.** সভা অবহিত হয় যে, ১৩-২০তম গ্রেডের সরাসরি নিয়োগযোগ্য ৮২টি পদে নিয়োগের লক্ষ্যে উদ্বৃত্ত কর্মচারী শাখা হতে ছাড়পত্র পাওয়া গেছে। শূন্য পদে নিয়োগের লক্ষ্যে ইতোমধ্যে বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটির ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। টেলিটকের মাধ্যমে আবেদন গ্রহণের জন্য চুক্তি সম্পাদন হয়েছে। খসড়া নিয়োগ বিজ্ঞপ্তি চূড়ান্ত করার জন্য নথি উপস্থাপন করা হয়েছে। আগামী ২০ দিনের মধ্যে বিজ্ঞপ্তি প্রচার করা যাবে। **খ.** সরকারি দপ্তরসমূহের বিদ্যমান জনবল এবং শূন্য পদের হালনাগাদ বিবরণ সম্পর্কে একটি নির্দিষ্ট ছকে প্রতি ৩ মাস অন্তর অন্তর তথ্য সংগ্রহ করা হচ্ছে। এ পর্যন্ত ৮টি মন্ত্রণালয় থেকে তথ্য পাওয়া যায়নি। তাদেরকে তাগিদ প্রদান করা হচ্ছে। মুক্তিযোদ্ধা কর্মচারীদের তথ্য সংগ্রহ করে ১৫৮জন মুক্তিযোদ্ধা কর্মচারীর তালিকা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	**ক.** জনপ্রশাসন মন্ত্রণালয়ে শূন্য পদে জনবল নিয়োগের জন্য আগামী ২০ দিনের মধ্যে বিজ্ঞপ্তি জারি করতে হবে। **খ.** বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি/আধা সরকারি দপ্তর থেকে প্রতি ৩ মাস অন্তর নির্ধারিত ছকে বিদ্যমান জনবল এবং শূন্য পদের হালনাগাদ বিবরণ সম্পর্কিত তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাপতি, ডি.পি.সি. অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা)
২.৬	**ক্যাডার কর্মকর্তাদের পিডিএস/ডাটাবেইজ হালনাগাদকরণ** বাংলাদেশ সিভিল সার্ভিসের ২৮টি ক্যাডারের কর্মকর্তাদের নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় থেকে তথ্য সংগ্রহপূর্বক রেজিস্ট্রেশন কার্যক্রম অব্যাহত আছে। রেজিস্ট্রেশনকৃত কর্মকর্তাদের নতুন আই.ডি. প্রদান করা হচ্ছে। এ পর্যন্ত ৪১১৫৪জন কর্মকর্তার রেজিষ্ট্রেশন সম্পন্ন হয়েছে এবং ৪০৫০৩জনকে নতুন আইডি প্রদান করা হয়েছে। ৫০০ জন কর্মকর্তা অবশিষ্ট আছে। তাঁদের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হবে। অতিরিক্ত সচিব (এ.পি.ডি.) জানান ম্যাট-২ এর প্রশিক্ষণার্থীদের প্রস্তুতকৃত প্রস্তাবনা অনুযায়ী ডি.এফ.আই.ডি.-এর আর্থিক সহায়তার প্রতিশ্রুতিতে সকল ক্যাডার কর্মকর্তাদের পি.এম.আই.এস. তৈরির কার্যক্রম শুরু করা হয়। পরবর্তীতে সংস্থাটির আর্থিক সহায়তা অব্যাহত না থাকায় কর্মসূচি আকারে অর্থ বিভাগে বরাদ্দ চাওয়া হয়। অর্থ বিভাগ কর্মসূচির আওতায় কোন বরাদ্দ প্রদান করেনি। বর্তমানে পি.এম.আই.এস-এ শুধু আই.ডি. নম্বর প্রদান করা হচ্ছে। পরিপূর্ণ পি.আই.এম.এস প্রস্তুত করতে হলে সকল কর্মকর্তার পি.ডি.এস. তৈরি করা প্রয়োজন। এ জন্য ১০ থেকে ১৫কোটি টাকার প্রয়োজন হতে পারে। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) কর্মকর্তাদের ন্যায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মচারীদের জন্য পি.ডি.এস. তৈরির প্রস্তাব করেন। সিনিয়র সচিব, ক্যাডার কর্মকর্তাদের পি.এম.আই.এস. তৈরির কার্যক্রম সম্পন্ন করার জন্য অর্থ বিভাগের পুনরায় বরাদ্দ চাওয়া এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মচারীদের পি.ডি.এস. তৈরির জন্য নির্দেশনা প্রদান করেন।	ক্যাডার কর্মকর্তাদের পি.এম.আই.এস. কার্যক্রম সম্পন্ন করার জন্য অর্থ বিভাগে পুনরায় বরাদ্দ চাইতে হবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল কর্মচারীদের পি.ডি.এস. তৈরির কার্যক্রম গ্রহণ করতে হবে। কর্মকর্তাদের ডাটাবেইজ হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	**অতিরিক্ত সচিব (প্রশাসন/সি.পি.টি./ পি.এ,সি,সি**

২.৭	**বাংলাভাষা বাস্তবায়ন কোষের কার্যক্রম** অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা) অবহিত করেন যে, 'সরকারি কাজে ব্যবহারিক বাংলা' পুস্তিকার পরিবর্ধিত ও পরিমার্জিত ২য় সংস্করণের পান্ডুলিপির বাংলা একাডেমি থেকে ভেটিং পাওয়া গেছে। সে মোতাবেক সংশোধনী কাজ চলছে। 'পদবির পরিভাষা পুস্তিকা' সংশোধনের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগে তথ্য চাওয়া হয়েছে। 'সরকারি কাজে প্রমিত বাংলা ব্যবহারের নিয়ম' শীর্ষক পুস্তিকার পান্ডুলিপি বাংলা একাডেমির ভেটিং শেষে মুদ্রণের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে। সভাপতি, পরবর্তী সাত দিনের মধ্যে 'সরকারি কাজে ব্যবহারিক বাংলা' পুস্তিকাটি মুদ্রণের জন্য বিজি প্রেসে প্রেরণের নিদের্শনা প্রদান করেন।	ক. 'সরকারি কাজে ব্যবহারিক বাংলা' পুস্তিকাটি মুদ্রণের জন্য সাত দিনের মধ্যে বিজি প্রেসে প্রেরণ করতে হবে এবং 'সরকারি কাজে প্রমিত বাংলা ব্যবহারের নিয়ম' দ্রুত সম্পন্ন করতে হবে।	অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা)
২.৮	**অভিযোগ গ্রহণ ও নিস্পত্তি** সভা অবহিত হয় যে, ডিসেম্বর/১৬ পর্যন্ত ৩৮টি বিভাগীয় মামলা এবং ৯টি অভিযোগ চলমান আছে। তন্মধ্যে ৯টি মামলা মহামান্য হাইকোর্ট ও অন্যান্য আদালতের আদেশে স্থগিত আছে। ১-৩ মাসের উর্ধ্বে ২টি এবং ৬ মাসের উর্ধ্বে ৩টি মামলা অনিস্পন্ন আছে। সভাপতি, ষাট কর্মদিবসের মধ্যে তদন্ত কাজ সম্পন্ন করার জন্য এবং ষাট কর্মদিবসের মধ্যে সম্পন্ন করতে না পারলে কারণসহ প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তাদের নির্দেশ প্রদান করেন।	বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রম ষাট কর্মদিবসের মধ্যে সম্পন্ন করার জন্য তদন্তকারী কর্মকর্তাদের সচেষ্ট হতে হবে এবং বিভাগীয় মামলা দ্রুত নিস্পত্তির ব্যবস্থা করতে হবে।	অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত) তদন্তকারী কর্মকর্তা (সকল)

৩.০ বিবিধ

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	**নাগরিক সেবায় উদ্ভাবন** ক. প্রধান ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (সি.পি.) সভাকে অবহিত করেন, ২০১৬ সালে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ১১টি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়। ১১টি উদ্যোগের মধ্যে ৮টি উদ্যোগ সম্পূর্ণ বাস্তবায়িত হয়েছে এবং ৩টি উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে। খ. মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জন্য গত ৩০ নভেম্বর-০১ ডিসেম্বর ২০১৬ তারিখে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ে ২দিন মেয়াদি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় ২৯ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন এবং ৫টি উদ্ভাবনী ধারণা উপস্থাপন করেন। যে সকল কর্মকর্তা ১ম ব্যাচে অংশগ্রহণ করতে পারেননি তাঁদের জন্য ২য় কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গ. জনপ্রশাসন মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা ও মাঠ প্রশাসনে গৃহীত/বাস্তবায়িত উদ্যোগসমূহ সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন এবং অনুকরণীয় উদ্যোগসমূহ সমজাতীয় অন্যান্য দপ্তরে প্রসারের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল দপ্তর থেকে উদ্ভাবনী উদ্যোগের তালিকা সংগ্রহ এবং উদ্যোগসমূহ ইনোভেশন টিমের সদস্যগণ কর্তৃক পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাছাইকৃত উদ্যোগসমূহ নিয়ে একটি 'শো-কেসিং' কর্মশালা আয়োজন করা হবে।	ক. ২০১৬ সালের চলমান উদ্যোগগুলি দ্রুত বাস্তবায়ন করতে হবে। খ. ইনোভেশনসংক্রান্ত কর্মশালায় গৃহীত ৫টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। গ. জনপ্রশাসন মন্ত্রণালয়, দপ্তর/সংস্থায় এবং মাঠ প্রশাসনে বাস্তবায়িত ইনোভেশনসমূহ সংগ্রহপূর্বক 'শো-কেসিং' কর্মশালার আয়োজন করতে হবে।	সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/চিফ ইনোভেশন অফিসার সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/ চিফ ইনোভেশন অফিসার /উদ্ভাবনী ধারণা উপস্থাপনকারী কর্মকর্তা অতিরিক্ত সচিব (সি.পি.টি.) ইনোভেশন টিম

	ঘ. 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন' অগ্রগতি এবং 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য দপ্তর/সংস্থাকে অনুরোধ করা হয়েছে। বিয়াম ফাউন্ডেশন এ বছর ৫টি ইনোভেশন পরিকল্পনা গ্রহণ করে বাস্তবায়ন করছে।	ঘ. আগামী সমন্বয় সভার পূর্বে সকল দপ্তর/সংস্থায় বাস্তবায়নাধীন ইনোভেশন তালিকা সংক্ষিপ্ত বিবরণসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার বরাবর প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা প্রধান (সকল)
	ঙ. ইনোভেশন সম্পর্কে ভাল কাজ করছেন, এ ধরনের কর্মকর্তাদের বর্তমান কর্মস্থলের চেয়ে আরও অধিক গুরুত্বপূর্ণ পদে পদায়ন এবং যারা দীর্ঘদিন প্রত্যন্ত অঞ্চলে কর্মরত আছেন, তাদেরকে ঢাকায় অথবা ঢাকার আশেপাশে পদায়ন কার্যক্রম অব্যাহত আছে। সভাপতি গত সভার এ সিদ্ধান্তটি বাস্তবায়নের জন্য অনুরোধ করে বলেন এটি একটি দৃষ্টান্ত হতে পারে।	ঙ. ইনোভেশন সম্পর্কে ভাল কাজ করছেন, এ ধরনের কর্মকর্তাদের বর্তমান কর্মস্থলের চেয়ে আরও অধিক গুরুত্বপূর্ণ পদে পদায়ন এবং যারা দীর্ঘদিন প্রত্যন্ত অঞ্চলে কর্মরত আছেন, তাদেরকে ঢাকায় অথবা ঢাকার আশেপাশে পদায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	অতিরিক্ত সচিব (এ.পি.ডি.)
	চ. যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা) জানান এস.ডি.জি.-এর সঙ্গে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিষয়গুলো নির্ধারণের জন্য গঠিত কমিটি এস.ডি.জি. এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সঙ্গে সমন্বয় করে পরিকল্পনা প্রস্তুত করে দাখিল করেছে। প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	চ. পরিকল্পনা কমিশন থেকে অনুমোদন পাওয়ার পর কর্মপরিকল্পনা অনুযায়ী এস.ডি.জি. অর্জনে গৃহীত কর্মসূচি দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (বা:ব্য:)
৩.২	**মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন** সভা অবহিত হয় যে, মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী সামরিক শাসন আমলে জারিকৃত জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত ১৯টি অধ্যাদেশের মধ্যে (1) The Public Servants (Marriage with Foreign Nation) Ordinance, 1976, (2) The Official Vehicles (Regulation of Use) Ordinance, 1986, (3) The Public Servants (Retirement) (Amendment) Ordinance, 1983 এবং (4) The Surplus Public Servants Absorption Ordinance, 1985 বাংলায় রূপান্তর করে আইনে পরিণত করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়সংক্রান্ত ৩টি, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনসংক্রান্ত ৫টি এবং বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রসংক্রান্ত ২টি মোট ১০টি অধ্যাদেশ বাংলায় রূপান্তর করে আইনে পরিণত করার কার্যক্রম চলমান আছে। ৫টি অধ্যাদেশ অকার্যকর বিবেচনায় বাদ দেওয়ার জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মতামত চাওয়া হয়েছে। এ পর্যন্ত মতামত পাওয়া যায়নি। ২২/৯/২০১৬ এবং ২/১১/২০১৬ তারিখে তাগিদ প্রদান করা হয়েছে। সভাপতি সরকারী কর্ম কমিশন, বি.পি.এ.টি.সি. এবং জনপ্রশাসন মন্ত্রণালয়সংক্রান্ত ১০টি অধ্যাদেশ বাংলায় রূপান্তর করে আইনে পরিণত করার কার্যক্রম সম্পন্ন করার জন্য এবং ৫টি অধ্যাদেশের বিষয়ে মতামত প্রেরণের নিমিত্ত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগকে তাগিদপত্র প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।	সামরিক শাসন আমলে জারিকৃত জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত ১৯টি অধ্যাদেশের মধ্যে অনিষ্পন্ন সরকারী কর্ম কমিশন, বি.পি.এ.টি.সি. এবং জনপ্রশাসন মন্ত্রণালয়সংক্রান্ত ১০টি অধ্যাদেশ বাংলায় রূপান্তর করে আইনে পরিণত করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং আইনে পরিণত করার প্রয়োজন নেই এ ধরনের (১) The Government Servants (review of Penalties) Ordinance, 1975 (২) The Government Servants (Review of Penalties) (Dissolution of Review Board) Ordinance, 1978 (৩) The Government of Bangladesh (Services) (Repeal) Ordinance, 1975 (৪) The District Administration (Repeal) Ordinance. 1975 (৫) The Government of Bangladesh (Services Screening) (Repeal) Ordinance, 1977 ৫টি অধ্যাদেশ	অতিরিক্ত সচিব (এ.পি.ডি./ সি.পি.টি./বিধি/ আইন)

		অকার্যকর বিবেচনায় বাদ দেওয়ার বিষয়ে মতামত প্রেরণের নিমিত্ত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগকে পুনরায় তাগিদপত্র প্রদান করতে হবে।	
৩.৩	**রিপোর্ট প্রেরণ এবং ই-মেইলে পত্রালাপ (Correspondence)** অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রতি মাসের ৪ তারিখে প্রতিবেদন প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। দপ্তর/সংস্থা এবং বিভিন্ন অনুবিভাগ থেকে বিলম্বে রিপোর্ট পাওয়ার কারণে মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রতিবেদন প্রেরণ সম্ভব হয় না। তিনি বিভিন্ন সভার নোটিশ/কার্যপত্র/কার্যবিবরণী হার্ড কপির পরিবর্তে স্ব স্ব কর্মকর্তার দাপ্তরিক ই-মেইলে প্রেরণের প্রস্তাব করেন।	মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক প্রতিবেদনসহ অন্যান্য রিপোর্ট যথাসময়ে প্রেরণ করতে হবে। এ মাস থেকে বিভিন্ন সভার নোটিশ/কার্যপত্র/কার্যবিবরণী হার্ড কপির পরিবর্তে স্ব স্ব কর্মকর্তার দাপ্তরিক ই-মেইলে প্রেরণ করা হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)/সকল শাখা ও অধিশাখা প্রধান সকল দপ্তর/সংস্থা প্রধান

০৪ দপ্তর/সংস্থা

৪.১ বি.সি.এস. (প্রশাসন) একাডেমি

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী
৪.১.১	**শূন্য পদে জনবল নিয়োগ এবং রাজস্ব বাজেটের আওতায় পদ সৃজন** ক. বি.সি.এস. প্রশাসন একাডেমির ক্লাস এ্যাটেনডেন্ট এর দুইটি এবং অফিস সহায়ক (এম.এল.এস.এস.) এর তিনটিসহ মোট চুক্তিভিত্তিক ৫টি, রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃষ্ট ২য় শ্রেণির পাঁচটি পদের অনুকূলে সংরক্ষণাদেশ জারির প্রস্তাব, রাজস্ব বাজেটের আওতায় অস্থায়ীভাবে সৃষ্ট তিনটি পদ স্থায়ীকরণের প্রস্তাব, প্রেষণে কর্মরত কর্মকর্তাদের ন্যায় একাডেমির স্থায়ী (নিজস্ব) কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে ৩০% বিশেষ ভাতা সুবিধা প্রদানের প্রস্তাব এবং একাডেমির সাংগঠনিক কাঠামোতে ছয়টি পদ অস্থায়ীভাবে সৃজনের জন্য চাহিত তথ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তার আলোকে চুক্তিভিত্তিক ৫টি পদের বিষয়ে মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে, ২য় শ্রেণির পাঁচটি পদ সংরক্ষণ, ৩০% বিশেষ ভাতা এবং অস্থায়ী ৬টি পদ সৃজনের তিনটি বিষয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। খ. রাজস্ব বাজেটের আওতায় সৃজিত ১০ম গ্রেডভুক্ত ২য় শ্রেণির নবসৃষ্ট পাঁচটি পদের বিপরীতে একাডেমি কর্তৃক প্রস্তাবিত নিয়োগবিধি অনুযায়ী শতকরা ৬০ ভাগ পদোন্নতির বিধান সংযোজনপূর্বক পুনরায় আদেশ জারি এবং রেক্টর এর বাসায় বাবুর্চি নিয়োগ প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাব দুটি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।	ক. বি.সি.এস. প্রশাসন একাডেমির ক্লাস এ্যাটেনডেন্ট দুইটি ও অফিস সহায়ক তিনটি মোট পাঁচটি চুক্তিভিত্তিক পদের বিধিমোতাবেক সংরক্ষণাদেশ জারির কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। খ. বি.সি.এস. প্রশাসন একাডেমির কর্মচারীদের জন্য ৩০% বিশেষ ভাতা মঞ্জুর, ২য় শ্রেণির ৫টি পদ সংরক্ষণ, এবং ১০ম গ্রেডভুক্ত ৫টি পদের বিপরীতে ৬০ ভাগ পদোন্নতির বিষয়ে অর্থ বিভাগের মতামতের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	রেক্টর, বি.সি.এস. প্রশাসন একাডেমি অতিরিক্ত সচিব (সি.পি.টি./সওব্য)

৪.২ বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বি.পি.এ.টি.সি.)

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.২.১.	**শূন্য পদ পূরণ** রেক্টর, বি.পি.এ.টি.সি. জানান, গাড়িচালক এর ৩টি পদে ১৯.১২.২০১৬ তারিখে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। পরিচালক পদের নিয়োগবিধি সংগ্রহের জন্য ০৮.০৬.২০১৬ তারিখে উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকাকে অনুরোধ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়, বি.পি.এ.টি.সি. এবং মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে উল্লিখিত নিয়োগবিধির গেজেট পাওয়া যাচ্ছে না। বিজি প্রেস তল্লাশি করে গেজেটটি সংগ্রহ করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	আগামী সভার পূর্বে পরিচালক পদের নিয়োগবিধি বিজি প্রেস থেকে সংগ্রহ করে শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।	রেক্টর, বি.পি.এ.টি.সি.
৪.২.২.	**বি.পি.এ.টি.সি'র নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন তহবিল বৃদ্ধি** ক. সভা অবহিত হয় যে, বি.পি.এ.টি.সি'র নিজস্ব কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন তহবিল গঠনের লক্ষ্যে Endowment Fund হিসেবে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মঞ্জুরির বিষয়টি কেন্দ্রের ২৬.০৭.২০১৫ তারিখের অনুষ্ঠিত সভায় অনুমোদন করা হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী অর্থ মঞ্জুরির বিষয়ে ১৪.৯.২০১৫ তারিখে অর্থ বিভাগকে অনুরোধ করা হয়েছে। এ পর্যন্ত মঞ্জুরি পাওয়া যায়নি। সভাপতি অর্থ বিভাগকে তাগিদপত্র প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। খ. রেক্টর, বি.পি.এ.টি.সি জানান যে, আন্তর্জাতিক প্রশিক্ষণ কমপ্লেক্স এর ৫ম তলা থেকে ১০ম তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের দরপত্র মূল্যায়ন কমিটির ২য় সভা ০৭.১২.২০১৬ তারিখ অনুষ্ঠিত হয়। জানুয়ারি ২০১৭ মাসের মধ্যে ভৌত কাজ শুরু করা যাবে। গ. সভা অবহিত হয় যে, বি.পি.এ.টি.সি.'র ডরমিটরি-২ ও ডরমিটরি-৩ এর উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ চলমান আছে। ডরমিটরি-৩ এর ৭০% কাজ শেষ হয়েছে।	ক. Endowment Fund হিসেবে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকা মঞ্জুরির বিষয়ে অর্থ বিভাগের সঙ্গে যোগাযোগ করতে হবে। খ. বি.পি.এ.টি.সি'র আন্তর্জাতিক প্রশিক্ষণ কমপ্লেক্স এর উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। গ. বি. পি.এ.টি.সি.'র ডরমিটরি-২ ও ৩ এর উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে।	রেক্টর, বি.পি.এ.টি.সি

৪.৩ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.৩.১	**শূন্য পদ পূরণ** মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড জানান যে, বিভিন্ন ক্যাটাগরির ৩৪টি পদে নিয়োগের লক্ষ্যে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। সভাপতি, যথাসময়ে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।	যথাসময়ে শূন্য পদে নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
৪.৩.২	**কর্মচারী কল্যাণ বোর্ডের জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণ** সভা অবহিত হয় যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩০তলা বাণিজ্যিক ভবন (কল্যাণ ভবন) নির্মাণ শীর্ষক প্রকল্পটি ১৩/০৯/২০১৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত পিইসি সভায় নীতিগতভাবে অনুমোদিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী স্থাপত্য অধিদপ্তর কর্তৃক পুনর্গঠিত নকশা পাওয়া গেছে। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন গ্রহণপূর্বক ডি.পি.পি. পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর সদয় বিবেচনার জন্য তাঁর বরাবর	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্প সংক্রান্ত সার-সংক্ষেপসহ একটি থ্রি-ডি অডিও-ভিজুয়াল প্রেজেন্টেশন তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড অতিরিক্তসচিব (উন্নয়ন)

	উপস্থাপনের নিমিত্ত এ বিষয়ে সার-সংক্ষেপসহ একটি থ্রি-ডি অডিও-ভিজুওয়াল প্রেজেন্টেশন তৈরির জন্য মহাপরিচালককে অনুরোধ করেন।		

৪.৪ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.৪.১	**শূন্য পদে নিয়োগ** মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, এ অধিদপ্তরের ৭৯ জন দৈনিক শ্রমিক কর্তৃক দায়েরকৃত রিট নং ৪১৩৬/২০১৪ হতে উদ্ভূত রিভিউ পিটিশন নং-২২/২০১৫-এর গত ১০/১২/২০১৫ তারিখে ঘোষিত রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল দায়েরের লক্ষ্যে বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল এর কার্যালয়কে অনুরোধ করা হয়। ১০/১২/২০১৫ তারিখে ঘোষিত রায়ের জাবেদা নকল পাওয়া মাত্র আপিল দায়ের করা হবে। এছাড়া এ অধিদপ্তরের ৯৫ জন দৈনিক শ্রমিক কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১১৪২২/২০১৫ এর গত ১৬/০২/২০১৫ তারিখে ঘোষিত রায়ের জাবেদা নকল উত্তোলন করা হয়েছে। উক্ত রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল দায়েরের জন্য ১৯/৬/২০১৬ তারিখে রায়ের জাবেদা নকল ও ওকালতনামাসহ বিজ্ঞ সলিসিটর উইংকে অনুরোধ করা হয়েছে।	ক. রিভিউ পিটিশন নং-২২/২০১৫ এর রায়ের কপি উত্তোলন করে জরুরি ভিত্তিতে আপিল দায়েরের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। প্রয়োজনে বিজ্ঞ এটর্নি জেনারেল অফিস-এর সাথে যোগাযোগ করতে হবে। রিট পিটিশন নং-১১৪২২/২০১৪-এ প্রদত্ত রায়ের বিরুদ্ধে আপিল দায়ের হয়েছে কিনা জানতে হবে; প্রয়োজনে তদবির বজায় রাখতে হবে।	মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর অতিরিক্ত সচিব (আইন)
	খ. বিজি প্রেসের অটোমেশন বিজি প্রেসের গোপনীয় শাখার দক্ষতা ও উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য পৃথক ০২টি প্রকল্প প্রণয়ন করে উহার ডিপিপি মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। মন্ত্রণালয়ের সভায় ডি.পি.পি.-তে কতিপয় সংশোধনীসহ প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভুক্ত করে চেকলিস্টসহ সংশোধিত ডি.পি.পি. প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুযায়ী ডি.পি.পি. প্রস্তুত করে পুনরায় মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ বিষয়ে ০৮/০৬/২০১৬ তারিখ মন্ত্রণালয়ে ৩য় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পের চাহিদা বিশ্লেষণ, কারিগরি বৈশিষ্ট নির্ধারণ এবং সি.পি.টি.ইউ. এর পর্যবেক্ষণ বিষয়ে আলোচনা হয়।	খ. বিজি প্রেসের জন্য প্রস্তাবিত অটোমেশন সংক্রান্ত পুনর্গঠিত ডি.পি.পি-এর আনুষঙ্গিক কার্যক্রম শেষ করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর অতিরিক্ত সচিব (উন্নয়ন)
	গ. ৩টি প্রেসের ৪টি কর্মসূচির আওয়ায় থোক বরাদ্দ প্রদান মুদ্রণ ও ০৩টি প্রেসের জন্য পৃথকভাবে ০৪টি কর্মসূচীর অনুকূলে অর্থ বিভাগে থোক বরাদ্দ থেকে সর্বমোট ৩৯,৮৫,৩৫,০০০/- টাকা বরাদ্দ চাওয়া হয়। এ পর্যন্ত বরাদ্দ পাওয়া যায়নি। বাজেট ব্যবস্থাপনা কমিটির সর্বশেষ সভায় ২০১৭-১৮ অর্থবছরে বর্ণিত কর্মসূচি খাতে অর্থ সংস্থানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	গ. ২০১৭-১৮ অর্থবছরে মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ৩টি প্রেসের জন্য অর্থ বরাদ্দ প্রাপ্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বরাদ্দ প্রাপ্তির সঙ্গে সঙ্গে জরুরি ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর যুগ্মসচিব (বা: ব্য:)
	ঘ. সিস্টেমস্ এনালিস্ট নিয়োগ মহাপরিচালক জানান যে, সিস্টেমস্ এনালিস্ট যোগদান না করায় ২১/০৭/২০১৬ তারিখে পদটি সরাসরি কোটায় পুরণের জন্য পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় ১৩/১০/২০১৬ তারিখে সিস্টেমস্ এনালিস্ট পদে নিয়োগের জন্য প্রার্থী সুপারিশের লক্ষ্যে পি.এস.সি.-তে প্রস্তাব প্রেরণ করে। প্রেরিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে পি.এস.সি. ০৬/১১/২০১৬ তারিখের স্মারকে সংশোধিত নিয়োগ বিধিমালা অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা উল্লেখপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করে। তদনুযায়ী ২০/১১/২০১৬ তারিখে সংশোধিত প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	ঘ. বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সঙ্গে যোগাযোগ করে সিস্টেমস্ এনালিস্ট এর পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর যুগম্সচিব(মুদ্রণ)

৪.৫ সরকারি যানবাহন অধিদপ্তর

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.৫.১	**অকেজো গাড়ি নিলামে বিক্রয়** ক. সরকারি যানবাহন অধিদপ্তরের অকেজো ঘোষিত গাড়ি বিক্রয়ের কার্যক্রম অব্যাহত আছে। যুব ও ক্রীড়া অধিদপ্তর নির্ধারিত মূল্যে ২৫টি অকেজো ঘোষিত গাড়ি গ্রহণের বিষয়ে অপারগতা প্রকাশ করেছে। উক্ত গাড়িগুলো পরবর্তী নিলাম প্রক্রিয়ার মাধ্যমে বিক্রি করা হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ৪টি এবং আনসার ভি.ডি.পি. ১২টি গাড়ি গ্রহণ করেছে। এছাড়া এ পর্যন্ত ১৪২টি অকেজো গাড়ি নিলামে বিক্রি করা হয়েছে। পরিবহন কমিশনার জানান, অকেজো ঘোষিত অনেকগুলো গাড়ির সি.সি. বেশি হওয়ায় বি.আর.টি.এ.-এর মূল্যায়ন অনুযায়ী প্রস্তাবিত মূল্যায়ন অনেক বেশি। তাই নিলামের সময় প্রকৃত মূল্য পাওয়া যায় না। বি.আর.টি.সি. বিনামূল্যে এ ধরনের কিছু গাড়ি নেওয়ার জন্য আগ্রহ প্রকাশ করেছে। তিনি নিলামে বিক্রয়-অযোগ্য ও ব্যবহার-অনুপযোগি গাড়িসমূহ ডাম্পিং করার জন্য ঢাকার আশেপাশে খাস জমি বরাদ্দের প্রস্তাব করেন। সভাপতি, জমি বরাদ্দের বিষয়ে জেলা প্রশাসক, ঢাকা বরাবর আবেদন করার জন্য পরিবহন কমিশনারকে পরামর্শ প্রদান করেন এবং বিনামূল্যে সরকারি সংস্থাসমূহ বরাবর অকেজো ঘোষিত গাড়ি হস্তান্তরের বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্যও তাকে অনুরোধ করেন।	ক. অকেজো ঘোষিত যানবাহন নিলামে বিক্রয় অথবা নির্ধারিত মূল্যে বিক্রয়ের কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অন্য সরকারি সংস্থায় বিনামূল্যে হস্তান্তর করার বিষয়ে একটি নীতিমালার খসড়া প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	পরিবহন কমিশনার
	খ. গাড়ি ক্রয় পরিবহন কমিশনার জানান, মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী ও সমমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গের ব্যবহারের জন্য ৫০টি হাইব্রিড কার, বিভাগীয় কমিশনার/অতিরিক্ত বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকদের ব্যবহারের জন্য মোট ৭১টি জীপ, ৪১টি ডাবল কেবিন পিক-আপ এবং ১০টি মোটর সাইকেল এবং সরকারি যানবাহন অধিদপ্তরে ব্যবহারের জন্য ১টি এ্যাম্বুলেন্স ক্রয় করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে ২৬টি 'এ' ক্যাটাগরির জেলায় ২টি করে ৫২টি এবং নবগঠিত ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে ব্যবহারের জন্য ০৩টি, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ব্যবহারের জন্য ৭টি সর্বমোট ৬২টি জিপ গাড়ি এবং ৫১টি মটর সাইকেল ক্রয়ের লক্ষ্যে বাজেট বিভাজনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অর্থ বরাদ্দ না পাওয়ায় সিনিয়র সচিব/সচিব মহোদয়গণের ব্যবহারের জন্য এবং বিদেশি ডেলিগেটদের ব্যবহারের জন্য ৫টি BMW কার ও ৫টি Mercedes কারসহ মোট ১০টি কার, অতিরিক্ত জেলা প্রশাসকদের ব্যবহারের জন্য ৩১টি জিপ গাড়ি এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যবহারের জন্য উন্নতমানের ২টি জিপ গাড়ি ক্রয় করা সম্ভব হয়নি।	খ. মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য দপ্তরের জন্য গাড়ি ক্রয়ের লক্ষ্যে অর্থ বিভাগের সাথে যোগাযোগপূর্বক জরুরি ভিত্তিতে অর্থ বরাদ্দের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিবহন কমিশনার অতিরিক্ত সচিব(প্রশাসন)
	গ. পরিবহন কমিশনার জানান যে, ওসমানী মিলনায়তনের পাশে সরকারি যানবাহন মেরামত কারখানার জায়গায় মাল্টিপারপাস বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে নকশা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	গ. সরকারি যানবাহন মেরামত কারখানার জায়গায় বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে প্রণীত নকশার আলোকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	পরিবহন কমিশনার অতিরিক্ত সচিব (উন্নয়ন)

	ঘ. পরিবহন পুলের নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে চাহিত অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। বর্তমানে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। গাড়ি চালকের অনেকগুলো পদ শূন্য রয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে কিছু গাড়ি চালক পদায়ন করা হয়েছে। তাদের ফেরৎ আনা প্রয়োজন। সভাপতি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে অতিরিক্ত গাড়ি চালক প্রত্যাহারের জন্য পরিবহন কমিশনারকে অনুরোধ করেন।	ঘ. পরিবহন পুলের নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে অতিরিক্ত গাড়ি চালক প্রত্যাহার করতে হবে।	**পরিবহন কমিশনার**

৪.৬ বিয়াম ফাউন্ডেশন

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.৬.১	**প্রশিক্ষণ কার্যক্রম** সভা অবহিত হয় যে, বিয়াম ফাউন্ডেশনে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বর্তমানে ৭৯ জন কর্মকর্তার বুনিয়াদি কোর্স এবং স্বাস্থ্য ক্যাডারের ১৬০ জন কর্মকর্তার বুনিয়াদি কোর্স চলমান আছে। স্বাস্থ্য ক্যাডারের ১১৮ জন কর্মকর্তার বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, প্রশাসন ক্যাডারের ১৮৬ জন কর্মকর্তার বিশেষ প্রশিক্ষণ কোর্স, পাওয়ার গ্রিড কোম্পানীর ৪০ জন, রাজউকের ৪০ জন, ডেসার ৩০ জন এবং পাসপোর্ট অধিদপ্তরের ১০ জন কর্মকর্তার প্রশিক্ষণ কোর্স সমাপ্ত হয়েছে। মন্ত্রণালয়ের ১০ম গ্রেডের কর্মকর্তাদের কক্সবাজারে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বর্তমানে ৩০ জনের সঞ্জীবনী কোর্স চলমান আছে।	কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	**মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন**

৪.৭ সরকারি কর্মচারী হাসপাতাল

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	বাস্তবায়নকারী
৪.৭.১	**সরকারি কর্মচারী হাসপাতাল আধুনিকীকরণ** সভা অবহিত হয় যে, ইতোমধ্যে সরকারি কর্মচারী হাসপাতালে আই.সি.ইউ. চালু এবং আগত সেবাপ্রার্থীদের সুবিধার্থে অভ্যর্থনা ডেস্ক স্থাপন করা হয়েছে। হাসপাতালের অটোমেশন সফট্ওয়ারটির আর্থিক সাশ্রয় বিবেচনান্তে সেবাদাতা প্রতিষ্ঠান Crystal Technology এর সাথে জুন/২০১৬ পর্যন্ত চুক্তি নবায়ন করা হয়েছে। কারণ নতুন প্রতিষ্ঠানের নিকট থেকে অটোমেশন সফট্ওয়ার ক্রয় ব্যয়বহুল। তত্ত্বাবধায়ক জানান হাসপাতাল আধুনিকীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় সরঞ্জামাদি ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ) জানান, হাসপাতাল ব্যবস্থাপনায় মন্ত্রণালয়ের একজন যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাকে পদায়নের বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে। সভাপতি এ ব্যাপরে তত্ত্বাবধায়কের মতামত জানতে চাইলে তিনি সম্মতি প্রকাশ করেন।	সরকারি কর্মচারী হাসপতাল ব্যবস্থাপনায় একজন যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাকে পদায়নের কার্যক্রম শেষ করতে হবে।	**অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ) তত্ত্বাবধায়ক, সরকারি কর্মচারী হাসপাতাল**

৫. **সভাপতির নির্দেশনা**

সভাপতি ও সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শেষে কারও কোন বক্তব্য আছে কিনা জানতে চান। তিনি বলেন যে, পরবর্তী সভাসমূহে উপস্থিত কর্মকর্তাগণকেও সভার আলোচনায় অংশগ্রহণ করতে হবে। প্রতি সভায় নির্দিষ্ট বিষয়ে যে কোন একজন কর্মকর্তা পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করতে পারেন। অতঃপর তিনি উপস্থিত দপ্তর/সংস্থা, অনুবিভাগ প্রধান এবং অন্যান্য কর্মকর্তাদের নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন:

- কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণসূচি প্রণয়ন করতে হবে;
- বিদেশ প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণের বিষয়ে প্রতিবেদন দাখিল করতে হবে;
- বিদেশ প্রশিক্ষণের উদ্ভাবনী বিষয় সকলের অবগতির জন্য উপস্থাপন করতে হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল কর্মচারীর ডাটাবেইজ প্রস্তুত করতে হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাসাসমূহের ডাটাবেইজ প্রস্তুত করে চাকরির জ্যেষ্ঠতা ভিত্তিক বরাদ্দ প্রদান করতে হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৪টি মিনিবাস ক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে;
- বিভাগীয় মামলা/বিভিন্ন আদালতে চলমান মামলাসমূহের ডাটাবেইজ প্রস্তুতসহ যথাসময়ে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে;
- অভিযোগকারীকে গৃহীত ব্যবস্থা যথাসময়ে অবহিত করতে হবে;
- একই পদে ৩ বছরের অধিক চাকরিরত কর্মকর্তা/কর্মচারীদের বদলি করতে হবে;
- সরকারের অবসরপ্রাপ্ত যুগ্মসচিব এবং তদূর্ধ্ব কর্মকর্তাদের বিমানবন্দরের ভি.আই.পি. লাউঞ্জ ব্যবহারের বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়কে অনুরোধ করতে হবে;
- কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি ও প্রস্থান নিশ্চিত করার লক্ষ্যে ইলেক্ট্রনিক হাজিরা চালু করতে হবে;
- জনপ্রশাসন মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় চলমান উন্নয়ন প্রকল্প যথাসময়ে বাস্তবায়ন এবং আরও নতুন প্রকল্প গ্রহণ করতে হবে; এবং
- এস.ডি.জি. ও এ.পি.এ. অর্জনে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।

৬। আলোচনার জন্য অন্য কোন বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়

নং-০৫.০০.০০০০.১১১.০৬.০৬.১৬-৪৭

তারিখ: ০৯ মাঘ ১৪২৩
২২ জানুয়ারি, ২০১৭

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১. রেক্টর, বি.সি.এস.(প্রশাসন) একাডেমি,শাহবাগ/বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বি.পি.এ.টি.সি.), সাভার, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৩. অতিরিক্ত সচিব (প্রশাসন/এ.পি.ডি./সি.পি.টি./সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা) অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
০৫. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
০৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৭. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ ইস্কাটন, ঢাকা।
০৮. অতিরিক্ত সচিব (বিধি/সওব্য-১/সওব্য-৩/সচিবালয় ও কল্যাণ/প্রশাসন/পি.এ.সি.সি./উন্নয়ন অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৯. যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১০. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২ উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পি.এ.সি.সি. জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. তত্ত্বাবধায়ক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১৬. মন্ত্রীর সহকারী একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৭. প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
১৯ সিনিয়র সহকারী সচিব/সিনিয়র অ্যাসা: অফিসার/সিনিয়র সহকারী প্রধান/সিনিয়র অনুবাদ কর্মকর্তা/সিনিয়র তথ্য অফিসার/তথ্য অফিসার/হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান/অনুবাদ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা/সহকারী সচিব/সহকারী প্রধান/অ্যাসাইনমেন্ট অফিসার/নথিরক্ষণ কর্মকতা/নবম গ্রেডের কর্মকর্তা (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
২০ অফিস কপি

22.1.2017

এ বি এম আমিন উল্লাহ নূরী
যুগ্মসচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়